

'ছাত্রশক্তি' নামে ফিরছে এনসিপির ছাত্র সংগঠন

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ২২ অক্টোবর ২০২৫, ০৯:৫০



ডাকসু নির্বাচনে প্রত্যাশিত ফল না পাওয়ার পর পুনর্গঠনের ঘোষণা দিয়েছিল বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ (বাগচাস)। অবশেষে সংগঠনটি বিলুপ্ত করে নতুন নামে ফিরছে তারা। নতুন নামে আত্মপ্রকাশ করতে যাচ্ছে 'ছাত্রশক্তি', যা জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-র আদর্শিক সহযোগী ছাত্র সংগঠন হিসেবে কাজ করবে।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

বহুস্থিতিবার (২৩ অক্টোবর) শহীদ আবু সাইদ ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হবে বাগচাসের জাতীয় সমন্বয় সভা। সভা শেষে এক সংবাদ সম্মেলনে সংগঠনের নতুন নাম, কেন্দ্রীয় ও আঞ্চলিক কমিটি এবং রাজনৈতিক দিকনির্দেশনা ঘোষণা করা হবে।

সংগঠন সূত্রে জানা গেছে, নতুন সংগঠনের নাম হিসেবে গণতান্ত্রিক ছাত্রশক্তি, জাতীয় ছাত্রশক্তি ও বাংলাদেশ ছাত্রশক্তি নাম তিনটি নিয়ে আলোচনা হলেও সবচেয়ে এগিয়ে রয়েছে 'জাতীয় ছাত্রশক্তি' নামটি।

নতুন কেন্দ্রীয় কমিটি সর্বোচ্চ ১০১ সদস্যবিশিষ্ট হতে পারে। একইসঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় ইউনিটকে ‘বিশেষ শাখা’ হিসেবে ঘোষণা করা হতে পারে এবং কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে সমন্বিত ‘সুপার ফোর’ কাঠামোতে পরিচালিত হবে সংগঠনটি।

কেন্দ্রীয় সভাপতি ও সেক্রেটারির পদে আলোচনায় রয়েছেন বাগচাসের আহ্বায়ক আবু বাকের মজুমদার ও সদস্য সচিব জাহিদ আহসান। শীর্ষ নেতৃত্বে আছেন আরও কয়েকজন তরুণ নেতা, যেমন-ঢাবি শাখার সদস্য সচিব মহির আলম, জাবি শাখার সদস্য সচিব সিয়াম, কেন্দ্রীয় সহ-মুখ্যপাত্র ফারদিন হাসান, এবং ঢাবির যুগ্ম আহ্বায়ক লিমন আহসান।

ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার নেতৃত্বে আলোচনায় আছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সভাপতি রিফাত রশিদ, কেন্দ্রীয় মুখ্য সংগঠক তাহমীদ আল মুদ্দাসসির, সিনিয়র যুগ্ম সদস্য সচিব আল আমিন সরকার, সদস্য সচিব মোহাম্মদ সাকিব ও সাবেক মুখ্য সংগঠক হাসিব আল ইসলাম।

সংগঠনটির শীর্ষ নেতারা জানান, বাগচাসে অনুপ্রবেশকারীদের কারণে শৃঙ্খলা নষ্ট হয়েছে। বিশেষ করে ছাত্রশিবির সংশ্লিষ্টদের স্যাবোটাজের অভিযোগ রয়েছে। তাই নতুন নেতৃত্ব গঠনের ক্ষেত্রে কড়া যাচাই-বাচাই করা হচ্ছে।

“যাদের বিরুদ্ধে ভিন্ন আদর্শ বা অন্য সংগঠনের সঙ্গে সংশ্লিষ্টতার প্রমাণ মিলবে, তাদের রাখা হবে না,”
– বলেন বাগচাস আহ্বায়ক আবু বাকের মজুমদার।

তিনি আরও জানান, ‘আমরা আদর্শিক ও বাংলাদেশ পত্থর রাজনীতি করতে চাই। ওয়েলফেয়ার পলিটিকস নয়, বরং ছাত্রসমাজকেন্দ্রিক কার্যক্রমের মধ্য দিয়ে আগামীতে ছাত্র সংসদ নির্বাচনে ভালো ফল করতে চাই।’

২০২৩ সালের ৪ অক্টোবর শিক্ষা ও রাজনীতির সংস্কারের অঙ্গীকার নিয়ে আত্মপ্রকাশ করে ‘গণতান্ত্রিক ছাত্রশক্তি’। আওয়ামী লীগ সরকারের পতনে ছাত্র-জনতার অভ্যুত্থানে এই সংগঠনের নেতারা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

তবে অভ্যুত্থানের পর ১৩ সেপ্টেম্বর গণতান্ত্রিক ছাত্রশক্তির সব কমিটি স্থগিত ঘোষণা করা হয়। পরবর্তীতে সংগঠনের কয়েকজন নেতা মিলে গঠন করেন বাগচাস।

কিন্তু কাঙ্ক্ষিত সাড়া না পেয়ে এবার আবার নতুন নামে ফিরে আসছে সংগঠনটি-ছাত্রশক্তি হিসেবে।

সম্প্রতি এনসিপির যুব ও শ্রমিক অঙ্গসংগঠন হিসেবে জাতীয় যুব শক্তি ও জাতীয় শ্রমিক শক্তি আত্মপ্রকাশ করেছে। ধারনা করা হচ্ছে, এ ধারাবাহিকতায় ‘জাতীয় ছাত্রশক্তি’ নামেই ছাত্র উইং আত্মপ্রকাশ করতে যাচ্ছে।